খসড়া

বাল্য বিবাহ নিরোধ বিধিমালা, ২০১৭

বাল্য বিবাহ নিরোধ আইন, ২০১৭ (২০১৭ সালের ....নং আইন) এর ধারা ২০-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরুপ বিধিমালা প্রণয়ন করিলেনঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**-(১) এই বিধিমালা বাল্য বিবাহ নিরোধ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ‘‘আইন’’ অর্থ বাল্য বিবাহ নিরোধ আইন, ২০১৭ (২০১৭ সালের.........নং আইন);

(খ) ‘‘তফসিল’’ অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) ‘‘ফরম’’ অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত কোন ফরম;

(ঘ) ‘‘মন্ত্রণালয়’’ অর্থ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; এবং

(ঙ) ‘‘সরকার’’ অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩। বাল্য বিবাহ প্রতিরোধে কমিটিসমূহ।–

(১) জাতীয় কমিটি-

(ক) বাল্য বিবাহ প্রতিরোধে জাতীয় কমিটি হইবে নিম্নরুপ:

১।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী	সভাপতি
২।	সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩।	সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৪।	সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য

৫।	সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
৬।	সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	সদস্য
৭।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
৮।	সচিব, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ	সদস্য
৯।	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
১০।	সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
১১।	সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
১২।	অ্যাটর্নী জেনারেল বা তদ্‌কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি	সদস্য
১৩।	মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর	সদস্য
১৪	সরকার কর্তৃক মনোনীত বাল্য বিবাহের সঙ্গে জড়িত দুইটি এনজিও’র দুইজন প্রতিনিধি	সদস্য
১৫	সরকার কর্তৃক মনোনীত স্বনামধন্য তিনজন মহিলা	সদস্য
১৬	প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধ কল্পে মাল্টি সেক্টরাল প্রোগ্রাম	সদস্য-সচিব

(খ) জাতীয় কমিটির কার্যাবলী-

(i) কমিটি বৎসরে অন্তত দুইবার সভায় মিলিত হইবে;

(ii) কমিটি জেলাসমূহ হইতে বাল্য বিবাহ নিরোধ কল্পে গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা করিবে এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করিবে; এবং

(iii) কমিটি জাতীয় পর্যায় হইতে বাল্য বিবাহ নিরোধকল্পে গৃহীতব্য পদক্ষেপসমূহ চিহ্নিত করিবে এবং তাহা বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করিবে।

(২) জেলা কমিটি-

(ক) জেলা কমিটির গঠন হইবে নিম্নরূপ-

১।	জেলা প্রশাসক	সভাপতি
২।	পুলিশ সুপার	সদস্য
৩।	সিভিল সার্জন	সদস্য

৪।	জেলা সদরের মহিলা কলেজের অধ্যক্ষগণ	সদস্য
৫।	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৬।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য
৭।	জেলা সদরের বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ	সদস্য
৮।	জেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
৯।	জেলা আনসার ভিডিপি কর্মকর্তা	সদস্য
১০।	জেলা সমবায় কর্মকর্তা	সদস্য
১১।	জেলা প্রশাসক কর্তৃক মনোনীত বাল্য বিবাহ প্রতিরোধের সঙ্গে সম্পর্কিত দুইটি এনজিও'র দুইজন প্রতিনিধি	সদস্য
১২।	জেলা প্রশাসক মনোনীত জেলার দুইজন স্বনামধন্য মহিলা	সদস্য
১৩।	পৌরসভার মেয়র	সদস্য
১৪।	বিজ্ঞ পিপি	সদস্য
১৫।	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য-সচিব

(খ) জেলা কমিটির কার্যাবলী-

(i) জেলা কমিটির প্রতিমাসে একবার সভায় মিলিত হইবে;

(ii) কমিটি উপজেলা হইতে বাল্য বিবাহ প্রতিরোধ কল্পে গৃহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা করিবে এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করিবে;

(iii) জাতীয় কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা/ সুপারিশসমূহ বাস্তবায়ন করিবে; এবং

(iv) জাতীয় কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করিবে; এবং

(v) কমিটি প্রতিমাসে তফসিলে উল্লিখিত ফরম-খ অনুযায়ী প্রতিবেদন জাতীয় কমিটির নিকট প্রেরণ করিবে।

(৩) উপজেলা কমিটি-

(ক) উপজেলা কমিটির গঠন হইবে নিম্নরূপ-

১।	উপজেলা নির্বাহী কর্মকর্তা	সভাপতি
২।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
৩।	উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান	সদস্য
৪।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
৫।	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য
৬।	উপজেলা সমভায় অফিসার	সদস্য
৭।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
৮।	থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
৯।	উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা	সদস্য
১০।	জেলা প্রশাসক মনোনীত দুইটি এনজিও’র দুইজন প্রতিনিধি	সদস্য
১১।	জেলা প্রশাসক মনোনীত দুইজন মহিলা	সদস্য
১২।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য-সচিব

(খ) উপজেলা কমিটির কার্যাবলী-

(i) উপজেলা কমিটি প্রতিমাসে একবার সভায় মিলিত হইবে;

(ii) কমিটি ইউনিয়ন পর্যায়ে বাল্য বিবাহ প্রতিরোধ কল্পে গ্রহীত পদক্ষেপসমূহ পর্যালোচনা করিবে এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করিবে;

(iii) জেলা কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়ন করিবে;

(iv) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্য বিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা গ্রহণ করিবে ও তাহা বাস্তবায়ন করিবে;

(v) জেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করিবে; এবং

(vi) কমিটি প্রতিমাসে তফসিলে উল্লিখিত ফরম-ক অনুযায়ী প্রতিবেদন জাতীয় কমিটির নিকট প্রেরণ করিবে।

(৪) ইউনিয়ন কমিটি-

(ক) ইউনিয়ন কমিটির গঠন হইবে নিম্নরূপ-

১।	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান	সভাপতি
২।	ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনসমূহের মহিলা সদস্য	সদস্য
৩।	সংশ্লিষ্ট ইউনিয়নের মধ্যে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ	সদস্য
৪।	সংশ্লিষ্ট ইউনিয়নের মধ্যে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ	সদস্য
৫।	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত দুইজন এনজিও প্রতিনিধি	সদস্য
৬।	সংশ্লিষ্ট ইউনিয়নের মধ্যে অবস্থিত নিকাহ রেজিস্টার	সদস্য
৭।	ইউনিয়ন পরিষদের সচিব	সদস্য-সচিব

(খ) ইউনিয়ন কমিটির কার্যাবলী-

(i) প্রতিমাসে একবার সভায় মিলিত হইবে;

(ii) বাল্য বিবাহের কুফল কম্পর্কে জনসাধারণকে সচেতন করিবার ব্যবস্থা গ্রহণ করিবে;

(iii) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্য বিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা গ্রহণ করিবে ও তাহা বাস্তবায়ন করিবে।

(iv) উপজেলা কমিটির নির্দেশাবলী বাস্তবায়ন করিবে; এবং

(v) উপজেলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করিবে।

৪। বাল্য বিবাহ বন্ধে উদ্যোগী হইবার মুচলেকা।- কোন ব্যক্তি বাল্য বিবাহের উদ্যোগ গ্রহণ করিয়াছেন কিন্তু বিবাহ সম্পন্ন হয় নাই, এইরূপ ব্যক্তি তফসিলে বর্ণিত ফরম-গ অনুযায়ী একটি মুচলেকা/বন্ড আদালতে দাখিল করিলে আদালত উক্ত ব্যক্তিকে অভিযোগ হইতে অব্যাহতি দিতে পারিবেন।

৫। **বাল্য বিবাহের বিশেষ বিধান।-** (১) নিম্নরুপ বিশেষ পরিস্থিতিতে আদালত অপ্রাপ্ত বয়ষ্কের বিবাহের বিষয়টি বিবেচনা করিবে-

(ক) প্রেমের সম্পর্কের কারণে ছেলে/মেয়ে নিজেরা বিবাহ করিয়াছে এবং মেয়েটি গর্ভবতী/সন্তানের মা হইয়াছে; অথবা

(খ) অপ্রাপ্ত বয়ষ্ক মেয়ের নিকটবর্তী আত্নীয় যেমন- পিতা-মাতা, ভাইবোন, নানা-নানী ইত্যাদি কেহই জীবিত নাই এবং মেয়েটির ভরণ-পোষণ ও নিরাপত্তা নিশ্চিত করা দু:সাধ্য।

(২) উপধারা (১) এ বর্ণিত পরিস্থিতির স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলরের নিকট হইতে একটি প্রত্যয়ন গ্রহণ করিতে হইবে।

(৩) আদালত,প্রয়োজনবোধে, বিষয়টির সত্যতা নিরুপনের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তির মাধ্যমে তদন্ত সম্পন্ন করিতে পারিবে।

৬। **বাল্য বিবাহ নিরোধে সামাজিক সচেতনতা।-** বাল্য বিবাহ নিরোধ কল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করিতে হইবেঃ

(ক) প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বাল্য বিবাহের কুফল সম্পর্কে প্রচারণা;

(খ) পুস্তিকা, লিফলেট, হ্যান্ডবিল বিতরণ;

(গ) গুরুত্বপূর্ণ স্থানসমূহে এবং সর্বসাধারণের চলাচল ও দৃষ্টি গোচরে আসে এমন জায়গায় বাল্য বিবাহের কুফল ও আইনগত বিধানসমূহ সাইনবোর্ডে প্রদর্শন;

(ঘ) অংশীজন, যেমন-জনপ্রতিনিধি, বিবাহ রেজিস্ট্রার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ইত্যাদি ব্যক্তিবর্গকে নিয়ে ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন;

(ঙ) গ্রামাঞ্চলের হাট-বাজারে এ সম্পর্কিত নাটিকা/বায়োস্কপ প্রদর্শন;

(চ) বাল্য বিবাহের কুফল সম্পর্কে স্কুলের ছাত্র-ছাত্রী বিশেষতঃ ছাত্রীদের সচেতন করার লক্ষ্যে তাহাদের মাঝে পুস্তিকা ও হ্যান্ডবিল বিতরণের পাশাপাশি উন্মুক্ত আলোচনার ব্যবস্থা গ্রহণ; এবং

(ছ) সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অন্যকোন ব্যবস্থা গ্রহণ।

৭। **সামাজিক নেটওয়ার্কিং গড়ে তোলা।-** বাল্য বিবাহ সম্পর্কিত তথ্য সংগ্রহ ও প্রতিরোধ কল্পে সামাজিক নেটওয়ার্কিং গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করিতে হইবে। বিভিন্ন সরকারী বেসরকারী সংস্থা, সেচ্ছাসেবী সংগঠন, জনপ্রতিনিধি এবং সচেতন নাগরিকদের উক্ত নেটওয়ার্কিং এর আওতায় আনয়ন করিতে হইবে।

৮। **জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দায়িত্ব।-** বাল্য বিবাহ নিরোধকল্পে বিভিন্ন সরকারী/বেসরকারী সংস্থা, সেচ্ছাসেবী সংগঠন, জনপ্রতিনিধি এবং নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের মধ্যে সুষ্ঠু সমন্বয় সাধনের জন্য জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দায়িত্ব পালন করিবেন। ইহাছাড়া বাল্য বিবাহ সম্পর্কিত তথ্য/সংবাদ সংগ্রহ এবং মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী সংস্থার নিকট প্রেরণ করিবেন। তথ্য প্রেরণের জন্য তাহারা তফসিলে উল্লিখিত ফরম ব্যবহার করিবেন।

৯। **দন্ডের বহুল প্রচার।-** বাল্য বিবাহের সহিত সংশ্লিষ্ট কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইলে উক্তরুপ দন্ডের বিষয়টি সংশ্লিষ্ট আদালত স্বয়ং প্রচার মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা লইবেন অথবা সরকারি আইন সহায়তা কমিটি বা জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা প্রদান করিবেন।

১০। **পুরস্কারের ব্যবস্থা।-** বাল্য বিবাহ নিরোধকল্পে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সরকার বাৎসরিক ভিত্তিতে ব্যক্তি/ প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে।

১১। **হট লাইন।**– বাল্য বিবাহ নিরোধ কল্পে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের মাঝে হটলাইন প্রতিষ্ঠা করিতে হইবে। উল্লিখিত ব্যক্তিবর্গের টেলিফোন/মোবাইল নম্বরসমূহ জনসাধারণকে অবহিত করিতে হইবে যাহাতে তাহারা বাল্য বিবাহের সংবাদ দ্রুত তাহাদের জানাইতে পারে।

তফসিল

ফরম-ক

[বিধি-৩ (৩) (খ) দ্রষ্টব্য]

উপজেলা/থানা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিবেদন

-----------------উপজেলা,................জেলা। -----------------মাস,-----------সাল।

ক্রমিক নং	ইউনিয়ন এর নাম	বাল্য বিবাহের তথ্য প্রাপ্তির সংখ্যা	বাল্য বিবাহ বন্ধের সংখ্যা	মন্তব্য
মোট				

ফরম-খ

[বিধি-৩ (২) (খ) দ্রষ্টব্য]

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিবেদন

------------জেলা। --------------মাস,-------------সাল।

ক্রমিক নং	উপজেলা	বাল্য বিবাহের তথ্য প্রাপ্তির সংখ্যা	বাল্য বিবাহ বন্ধের সংখ্যা	মন্তব্য

মোট				

ফরম-গ

(বিধি-৪ দ্রষ্টব্য)

মুচলেকা

আমি (নাম)---পিতা--

মাতা-----------------------------------গ্রাম-----------------------------ইউনিয়ন----------------------------

উপজেলা-------------------------জেলা---------------বয়স-------------- --পেশা----------------------------

জাতীয় পরিচয় পত্র নং--

এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,আমি বাল্য বিবাহের যে উদ্যোগ গ্রহণ করিয়াছিলাম তাহা ভবিষ্যতে আর কখনই করিব না;

আমি আরো অঙ্গীকার করিতেছি যে, আমি, আমার নিকটবর্তী এলাকায় বাল্য বিবাহ বন্ধে সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করিব।

আমি উক্ত অঙ্গীকার বাস্তবে প্রতিপালন করিব। যদি আমি অঙ্গীকার ভঙ্গ করি তাহা হইলে আমার বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইলে আমার কোন আপত্তি থাকিবে না।

স্বাক্ষর--------------------------------------

সাক্ষীর নাম ও ঠিকানা

নাম-------------------------------------

মোবাইল নং------------------------------

তারিখ----------------------------------

১।

২।